গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ২নং আকোটেরচর ইউনিয়ন পরিষদ

**কার্যালয় ঃ ইউপি কার্যালয়** **ডাকঘর ঃ আকোটেরচর**

**উপজেলা ঃ সদরপুর** **জেলা ঃ ফরিদপুর**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২নং আকোটেরচর ইউনিয়ন পরিষদ

**কার্যালয় ঃ ইউপি কার্যালয়** **ডাকঘর ঃ আকোটেরচর**

**উপজেলা ঃ সদরপুর** **জেলা ঃ ফরিদপুর**


**উপস্থিত সদস্যবৃন্দের নাম** তারিখ ঃ২৫/০৫/২০২৩ ইং

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | পদবি | কমিটিতে পদবি | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব আসলাম বেপারী | **চেয়ারম্যান** | সভাপতি | স্বাক্ষরিত | |
| ০২ | জনাব রোজিনা খাতুন | সংরক্ষিত সদস্য-১ | সদস্য | স্বাক্ষরিত | |
| ০৩ | জনাব তাহমিনা আক্তার | সংরক্ষিত সদস্য-২ | সদস্য | স্বাক্ষরিত | |
| ০৪ | জনাব রাশেদা | সংরক্ষিত সদস্য-৩ | সদস্য | স্বাক্ষরিত | |
| ০৫ | জনাব রব খালাসী | সাধারণ ইউপি সদস্য-১ | সদস্য | স্বাক্ষরিত | |
| ০৬ | জনাব মোহাম্মদ আলী | সাধারণ ইউপি সদস্য-২ | সদস্য | স্বাক্ষরিত | |
| ০৭ | জনাব রাজ্জাক বেপারী | সাধারণ ইউপি সদস্য-৩ | সদস্য | স্বাক্ষরিত | |
| ০৮ | জনাব আনোয়ার হোসেন | সাধারণ ইউপি সদস্য-৪ | সদস্য | স্বাক্ষরিত | |
| ০৯ | জনাব মোঃ রায়হানুল ইসলাম ত্বারেক | সাধারণ ইউপি সদস্য-৫ | সদস্য | স্বাক্ষরিত | |
| ১০ | জনাব ফারুক | সাধারণ ইউপি সদস্য-৬ | সদস্য | স্বাক্ষরিত | |
| ১১ | জনাব আলতাফ হোসেন বিশ্বাস | সাধারণ ইউপি সদস্য-৭ | সদস্য | স্বাক্ষরিত | |
| ১২ | জনাব মোঃ সোলাইমান মোল্যা | সাধারণ ইউপি সদস্য-৮ | সদস্য | স্বাক্ষরিত | |
| ১৩ | জনাব গোলাম কিবরিয়া | সাধারণ ইউপি সদস্য-৯ | সদস্য | স্বাক্ষরিত | |

**আলোচনার বিষয়ঃ**

০১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গ

০২। মে/২০২৩মাসের  আইনশৃঙ্খলা কমিটির সাধারণ সভা প্রসঙ্গে ।
০৩। আকোটেরচর ইউনিয়ন পরিষদের  ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট অনুমোদন প্রসঙ্গে।
০৪। ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিলের ২য় কিস্তির বরাদ্দের দ্বারা প্রকল্প গ্রহণ ও ক্রয় কমিটি গঠন প্রসঙ্গে।
০৫। আকোটেরচর ইউনিয়ন পরিষদের ১-৯ নং ওয়ার্ডের যে সকল বয়স্ক ভাতভোগী মৃত্যুবরণ করেছে তালিকা প্রস্তুত করে এবং তাদের পরিবর্তে নতুন নামের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

০৬। বিবিধ

অদ্যকার সভার শুরুতে  আছলাম বেপারী , চেয়ারম্যান,২নং আটোটেরচর ইউনিয়ন পরিষদ,সদরপুর,ফরিদপুর সভাপতির আসন গ্রহণ করেন । সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন ।

আলোচনা নং ০১- অদ্যকার সভার শুরুতে গত সভার বার্য বিবরনী পাঠ করে শুনানো হলে সভায় তা সর্ব সম্মতি ক্রমে গৃহিত হলো।

আলোচনা নং ০২ঃ অদ্যকার সভার শুরুকে সভাপতি মহোদয় সকল সদস্যদের স্বাগতম জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়  আলোকপাত করেন যে, সাম্প্রতিক সময়ে নারিকেলবাড়িয়া ইউনিয়নে মাদকের প্রকোপ অনেক বেড়ে গিয়েছে। এমতাবস্থায় অত্র ইউনিয়নের সকল ইউপি সদস্য ও সংরক্ষিত মহিলা সদস্যদের সংশ্লিষ্ট ওয়ার্ডের দিকে সকলকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করেন। এছাড়াও বিভিন্ন অসৎ চক্র সমাজ ব্যবস্থাকে ধ্বংস করার জন্য বিভিন্ন ধরনের মাদকদ্রব্য ছড়িয়ে দিচ্ছে। তরুন সমাজে মাদকাসক্ত হয়ে নেশা গ্রস্থ হয়ে পড়ছে।এমতবস্থায়সভাপতি মহোদ্বয় প্রত্যেক ওয়ার্ডের গ্রাম পুলিশকে সজাগ থাকার নির্দেশ দেন। কোন অসামাজিক কার্যক্রম সংগঠিত হলে সাথে সাথে থানায়রিপোর্ট করতে নির্দেশনা দেন। তিনি আরো বলেন যে, অপরাধী যতই শক্তিশালীহোক না কেন, তার কঠোর হস্তে দমন করা হবে। তিনি ইউনিয়নের সকল মসজিদের ইমাম ও সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে এ বিষয়ে সচেতন করার লক্ষে দিক নির্দেশনা দেন এবং সকল ওয়ার্ড মেম্বারকে সজাগ থাকার নির্দেশনা দেন। তিনি ইউনিয়নের শান্তি শৃংঙ্খলা বজায় রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

আলোচনা নং ০৩ঃসভাপতি মহোদয়  বাজেট সভায় সকলকে অবহিত করেন, যে **বাংলাদেশ পরিষদ আইনের(বাংলাদেশ গেজেট,অতিরিক্ত, ১৫ই অক্টোবর ,২০০৯) দশম অধ্যায়ে (বাজেট ও নিরীক্ষা অধ্যায়) ৫৭ ধারা অনুযায়ী** "প্রত্যেক ইউনিয়ন পরিষদ পরিষদ প্রতি অর্থবছর শুরুর ৬০(ষাট) দিন পূর্বে নির্ধারিত পদ্ধতিতে ওয়ার্ড সভা হইতে প্রাপ্ত অগ্রাধিকার ভিত্তিতে উক্ত অর্থ বৎসরের সম্ভাব্য আয় ও ব্যয় বিবরণী সম্বলিত একটি বাজেট প্রণয়ন করিবে।সভাপতি মহোদয় ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য বাজেট ঘোষনার লক্ষ্যে অত্র ইউনিয়নের ১ হতে ৯ নং ওয়ার্ডে বিভিন্ন তারিখে অনুষ্ঠিত ওয়ার্ড সভা হতে প্রাপ্ত চাহিদা ও জনমতামত অনুযায়ী গত ১৪/০৫/২০২২ইং তারিখে ইউপির বিশেষ মাসিক সভার  অর্থবছরের জন্য ২,১৮,১৯,১৭৯/(দুইকোটি আঠার লক্ষ উনিশ হাজার একশত উনআশি টাকা ) টাকা আয় এবং সম্ভাব্য ব্যয় ২,১৬,৩৩,১১৬/-(দুই কোটি দুই কোটি ষোল লক্ষ তেত্রিশ হাজার একশত ষোল  ) টাকা ব্যয় ও  উদ্বৃত্ত **১,৮৬,০৬৩**/- (এক লক্ষ ছিয়াশি হাজার তেষট্টি) টাকা রেখে খসড়া বাজেট প্রসত্তত করা হয়। প্রস্তুতকৃত খসড়া বাজেট বাজেট ও উন্নয়ন পরিকল্পনা গত ১৪/০৫/২০১৯ ইং তারিখে অত্র ইউনিয়ন পরিষদ প্রাঙ্গনে জনসাধারনের সরাসরি অংশগ্রহন ও জনমতামতের জন্য বার্ষিক বাজেট ও  উন্নয়ন পরিকল্পনা উন্মুক্ত সভায় পেশ করা হয়। উক্ত সভায় উপজেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, ইউনিয়নের সরকারী কর্মকর্তা, কর্মচারীবৃন্দ, ওয়ার্ড কমিটি, এসএসসি সদস্যবৃন্দ, এনজিও প্রতিনিধি বৃন্দ,ইউনিয়নের বিভিন্ন পেশাজীবিগন, সাংবাদিক, শিক্ষক, জনগন, ইউপি সদস্যবৃন্দের উপস্থিতিতে **২০২৩-২০২৪** অর্থবছরের বাজেট ও উন্নয়ন পরিকল্পনা বাজেটের কপি বিতরণ করা হয়। সভায় **২০২৩-২০২৪** অর্থ বছরের আয় ও ব্যয়ের বিবরণী পেশ করা হয়। উপস্থিত জনসাধারনের পক্ষে বিভিন্ন সুধীজন পেশকৃত খসড়া বাজেটের উপর প্রায় ৩ ঘন্টা ব্যাপী আলোচনা ও প্রশ্ন উত্তরে অংশ গ্রহন করেন। সভায় সুধীজন আয়বৃদ্ধিমূলক খাতের উপর আলোচনা করেন। উন্মুক্ত বাজেট সভায় উপস্থিত জনগণ আয় খাত বৃদ্ধি করার জন্য হোর্ল্ডিং কর আদায়ের প্রস্তাব করেন। ভিটি বসত বাড়ি কর পরিশোধে উতসাহিত করার জন্য মাইকিং, উঠান বৈঠক ও সচেতনামূলক সভা করার বিষয়ে প্রস্তাব করেন। তাছাড়া শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, যোগাযোগ ও অবকাঠামো খাতে বাজেট বৃদ্ধি করার প্রস্তাব করেন। সভাপতি মহোদয় উন্মুক্ত বাজেট সভার সুপারিশসমূহ আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহনের আহবান জানান। সভায় বিস্তারিত আলোচনা হয। আলোচনা ক্রমে ৪,৫,৬ নং সংরক্ষিত ওয়ার্ড সদস্যা জনাবা তাহমিনা  আক্তার প্রস্তাব মতে ও সকলের সম্মতিক্রমে তথ্য প্রযুক্তি খাতে বরাদ্দ ও **অর্থবছরের বাজেট প্রস্তাব**   গৃহীত হয় ।

**আলোচনা নং ০৪ ঃ** অদ্যকার সভার শুরুতে সভাপতি মহোদয় আরও জানান যে, ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল প্রকল্পের আওতায় ২০২২-২০২৩ অর্থবছরে বিবিজির ২য় কিস্তি বাবদ মোট ৫,৬৮,২০০/- (পাঁচ লক্ষ আটষট্টি হাজার দুইশত) টাকা বরাদ্দ পাওয়া যায় । উক্ত বরাদ্দকৃত টাকার দ্বারা কাজ করার জন্য সরকারী পরিপত্রের আলোকে ওয়ার্ড সভার মাধ্যমে গৃহীত প্রকল্পসমুহ ওয়ার্ডকমিটি ও স্কীমসুপারভিশন কমিটি কর্তৃক যাচাইবাছাই অন্তে চুড়ান্তকরণসহ দরপত্র মূল্যায়ণ কমিটি গঠন করা হোক ।

সিদ্ধান্তঃ উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে অত্র সভায় দীর্ঘ সময় আলাপ আলোচনার পর নিম্নলিখিত প্রকল্পসমুহ চুড়ান্তকরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

| ক্রঃ নং | প্রকল্পের নাাম | অবস্থান | বরাদ্দের পরিমাণ | অর্থবছর |
|---|---|---|---|---|
| ০১ | আকোটেরচর ইউনিয়ন পরিষদের ১ হতে ৯নং ওয়ার্ডের হতদরিদ্র পরিবারের মাঝে নলকূপ সরবরাহ। | ১-৯ নং ওয়ার্ড | ৩,০০,০০০/ | ২০২২-২০২৩ |
| ০২ | গোলাম সেকের ডাঙ্গী মসজিদ হইতে মহনের বাড়ি পর্যন্ত রাস্তা নির্মাণ। | ০৬ নং ওয়ার্ড | ২,৬৮,২০০/- | ২০২২-২০২৩ |

অদ্যকার সভায় সভাপতি মহোদয় আরও জানান যে,ইউনিয়ন পরিষদের ক্রয় প্রক্রিয়া পরিচালনার জন্য ইউপির বিভিন্ন স্তরের সদস্য ,মান্যগন্য ব্যক্তিবর্গেও সমন্বয়ে একটি ক্রয় কমিটি গঠন করা হোক ।

**সিদ্ধান্ত ঃ** উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে অত্র সভায় দীর্ঘ সময় আলাপ আলোচনার পর নিম্নলিখিত সদদ্যের কমিটি চুড়ান্তকরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

| ক্রঃ নং | নাম | পিতার নাম | গ্রামের নাম | পরিচয় | কমিটিতে পদবি |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব নফেল বেপারী | বাছের বেপারী | বাছের বেপারীর ডাঙ্গী | গণ্যমান্য | সভাপতি |
| ০২ | জনাব ছয়ফুল বেপারী | ইমান বেপারী | সদর বেপারীর ডাঙ্গী | গণ্যমাণ্য | সেক্রেটারী |
| ০৩ | জনাব শেফালী বেগম | সিরাজ বেপারী | সদর বেপারীর ডাঙ্গী | শিক্ষক | সদস্য |
| ০৪ | জনাব মোহাম্মদ সোহেল রানা | রোকন ঢালী | ভূষণা মধুখালী | ইউপি সচিব | সদস্য |

আলোচনা নং ০৬ঃ অদ্যকার সভায় সভাপতি মহোদয় আরও জানান যে,উপজেলা সমাজসেবা অফিসার সদরপুর ফরিদপুরের মারফত জানতে পারেন যে, আকোটেরচর ইউনিয়ন পরিষদের ১-৯ নং ওয়ার্ডের যে সকল বয়স্ক ভাতভোগী মৃত্যুবরণ করেছে তালিকা প্রস্তুত করে এবং তাদের পরিবর্তে সংশ্লিষ্ট ওয়ার্ডে (বয়স্কভাতা ( পুরুষের পরিবর্তে পুরুষ ও মহিলার পরিবর্তে মহিলা ) নতুন বয়স্কভাতার নাম দেওয়া যাবে। সভাপতি মহোদয় আরও জানান যে, মৃত ব্যক্তির বয়স্কভাতার বহির তথ্য ও অন্তভূক্তির জন্য নতুন বয়স্কভাতাভোগীর নাম (জাতীয় পরিচয়পত্র ও নিজস্ব বিকাশ নাম্বার) অন্যান্য তথ্য ছক মোতাবেক প্রস্তুত করিয়া উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়ে প্রেরণ করা প্রয়োজন ।

**সিদ্ধান্ত ঃ** উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে অত্র সভায় দীর্ঘ সময় আলাপ আলোচনার চাহিত ছক মোতাবেক তালিকা প্রস্তুত করিয়া উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়ে পাঠানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো ।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদের স্বাগত জানাইয়া সভার শেষ করেন।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদের স্বাগত জানাইয়া সভার শেষ করে।

আছলাম বেপারী
চেয়ারম্যান
২নং আকোটেরচর ইউনিয়ন পরিষদ
সদরপুর, ফরিদপুর।